Total No. of Printed Pages—5

**1 SEM TDC BNL MIL (A) 1**

**2013**

( November )

# BENGALI

## ( Modern Indian Language )

**( Arts )**

Course : 101

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates* ***eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***9***

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Candidates* ***not eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***12***

*Full Marks* : 100

*Pass Marks* : 40

### ক—বিভাগ

১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১১×২=২২

(ক) "এই মত রাবণ কহিল নীতিকথা।"

মৃত্যুশয্যায় রাবণ যে 'নীতিকথা' শুনিয়েছেন তা তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

(খ) 'চণ্ডীর চরণে মনসা' কবিতায় মনসার যে অন্তর্বেদনা প্রকাশ পেয়েছে তা তোমার নিজের ভাষায় লেখ।

(গ) 'মেঘনাদ ও বিভীষণ' কবিতায় বর্ণিত মেঘনাদ চরিত্রটি বিশ্লেষণ কর।

২। (ক) "হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে।
রাঘবের দাস তুমি?"

বক্তা কে? কোন্ প্রসঙ্গে বক্তা একথা বলেছেন? ৪

*অথবা*

(খ) "কোথা হৈতে আসে বুড়ী ঘুঁটে লয়ে ভরে ঝুড়ি
সর্বনাশ করিল আমার।"

বক্তা কে? 'সর্বনাশ'-এর পরিণাম কি হয়েছিল তা সংক্ষেপে লেখ।

৩। এক কথায় উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) হরিহোড়ের বাবার নাম কি?

(খ) বিনুকে কত বছর বয়সে রোগে ধরেছে?

(গ) গাড়ী বদল করার জন্য বিনুদের কোন্ স্টেশনে নামতে হয়েছিল?

(ঘ) "এমন অশক্য কথা কোন্ জনে বলে?" (চণ্ডীর চরণে মনসা)
'অশক্য' শব্দের অর্থ কি?





## খ—বিভাগ

৪। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১১×২=২২

(ক) "তাজমহল সম্বন্ধে আর মোহ নেই। একদিন কিন্তু —গোড়া থেকে শুনুন তাহলে।" বক্তা কে? বক্তা কথিত সেই কাহিনীটুকু নিজের ভাষায় প্রকাশ কর।

(খ) "সনাতনপুরবাসিগণ স্বস্তির নিশ্বাস ফেলিলেন। জাগ্রত মহাদেবের মহিমা জাগ্রতই আছে।" 'মহাদেবের মহিমা জাগ্রত' থাকার কাহিনী বর্ণনা কর।

(গ) 'নিমগাছ' গল্পটিকে যথার্থই একটি 'ছোটগল্প' বলা যায় কিনা তা বিচার কর।

৫। "এই শক্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বিল্টু বুধ্নীকে জয় করিয়াছিল।" সংক্ষেপে উক্ত শক্তি পরীক্ষার বর্ণনা দাও। ৪

*অথবা*

"দেখেছ, দেখেছ, ছোঁড়াগুলোর কাণ্ড দেখেছ—"
'ছোঁড়াগুলোর কাণ্ড'-র পরিচয় দাও।

৬। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) বিল্টু-বুধ্নীদের বাসস্থল কোথায় ছিল?

(খ) কোন্ গ্রামের ঘটনা নিয়ে 'জাগ্রতদেবতা' গল্পটি রচিত?

(গ) ফকির শা-জাহান-এর স্ত্রী কি রোগে আক্রান্ত ছিল?

(ঘ) স্টেশনমাষ্টারের একমাত্র ছেলের নাম কি?

## গ—বিভাগ

৭। "উনিশ শতকের টিপিক্যাল বাঙালী গৃহবধূর আদলে হরকামিনী অঙ্কিত। সে স্বভাবে শান্ত, শিষ্ট, নম্র।" হরকামিনী সম্পর্কে সমালোচকের এই মন্তব্য সত্য কি না তা আলোচনা কর। ১২

*অথবা*

'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের নামকরণ বিচার কর।

৮। "কর্তামশাইয়ের কাছে নবর প্রকৃত স্বরূপ উদ্‌ঘাটিত হ'ল শেষ দৃশ্যে।" নবকুমারের সেই স্বরূপ স্বল্প কথায় প্রকাশ কর। ৪

*অথবা*

বাবাজী চরিত্রটি আলোচনা কর।

৯। এক কথায় উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) মধুসূদন দত্ত মোট কয়খানা প্রহসন রচনা করেছেন?

(খ) নববাবুর বন্ধুটির নাম কি?

(গ) 'জ্ঞানতরঙ্গিণী সভা' কোন্ পাড়ায় ছিল?

(ঘ) 'একেই কি বলে সভ্যতা?'-র প্রথমাঙ্কের অন্তর্গত প্রথম গর্ভাঙ্কের ঘটনাস্থল কোথায়?

(ঙ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনখানি মোট কয়টি অঙ্কে বিভক্ত?



(Continued)



## ঘ—বিভাগ

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

১০। "উনিশ শতকের মূর্তিমান অনাচার যেন কালীনাথরূপে অবতীর্ণ হয়েছে প্রহসনে। চরিত্রটিকে মধুসূদন যথাসম্ভব ধূর্ত, ভণ্ড, মিথ্যাচারী ও উদ্ধত করেই অঙ্কিত করেছেন।" আলোচনা কর। ১২

*অথবা*

'স্মৃতি' গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।

১১। "শাস্ত্র পড়াইয়া সভে এই কর্ম করে।
শ্রোতার সহিতে যম-পাশে বন্দী মরে॥" (নবদ্বীপ)

তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

১২। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) "দেবকন্যা হৈয়া স্বর্গে না হইল স্থল।"

এই 'দেবকন্যা' কে?

(খ) 'বনফুল' কোন্ লেখকের ছদ্মনাম?

(গ) 'হরিহোড়ের বৃত্তান্ত' কবিতার কবির নাম কি?

(ঘ) মধুসূদন কার উক্তি দিয়ে 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের নামকরণ করেছেন?

★★★